

বেসরকারি ১৪ মেডিকেল
 ও ডেন্টাল কলেজ
 কার্যক্রম স্থগিত
 করতে অবশেষে
 লিখিত নির্দেশ

বিশেষ প্রতিনিধি •

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় ১৩টি বেসরকারি মেডিকেল ও একটি ডেন্টাল কলেজের কার্যক্রম স্থগিত করার লিখিত নির্দেশ দিয়েছে। মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মাহফুজু আকতার স্বাক্ষরিত এই নির্দেশ ইতিমধ্যে কলেজগুলোতে পৌঁছেছে বলে জানা গেছে। কলেজগুলো পরিদর্শনে চারটি পরিদর্শন দল গঠন করেছে মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের ৩০ জানুয়ারির চিঠিতে বলা হয়েছে, ১৩টি মেডিকেল কলেজ ও একটি ডেন্টাল কলেজ পরিদর্শনের জন্য চারটি পরিদর্শন দল গঠন করা হয়েছে। এই দলে মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি আছেন। পরিদর্শন দলের প্রতিবেদনের ভিত্তিতে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। পরিদর্শন প্রতিবেদন পাওয়ার আগ পর্যন্ত এসব কলেজের '২০১৩-২০১৪' শিক্ষা কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কলেজগুলোর তালিকায় আছে: কহির উদ্দিন মেমোরিয়াল মেডিকেল কলেজ (রংপুর), ইউএস ডেন্টাল কলেজ (ঢাকা), আবদুল হামিদ মেডিকেল কলেজ (কিশোরগঞ্জ), আন-ধীন আকিল মেডিকেল কলেজ (খুলনা), খুলনা সিটি মেডিকেল কলেজ (খুলনা), শাহ মখদুম মেডিকেল কলেজ (রাজশাহী), ইউএস বাংলা মোডেলস কলেজ (নারায়ণগঞ্জ), ইউনাইটেড মেডিকেল কলেজ (ঢাকা), কেয়ার মেডিকেল কলেজ (ঢাকা), ইউনিভার্সেল মেডিকেল কলেজ (ঢাকা), ব্রাহ্মণবাড়িয়া মেডিকেল কলেজ (ব্রাহ্মণবাড়িয়া), যেহিন সিটি মেডিকেল কলেজ (চট্টগ্রাম), আইআইএমসিএইচ মেডিকেল কলেজ (চট্টগ্রাম) ও পার্ক ডিউ মেডিকেল কলেজ (সিলেট)।

মহাজোট সরকারের শেষ সময়ে এসব কলেজের অনুমোদন দেওয়া হয়েছিল।